

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২০৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (باب جامع المناقب)

### আরবী

وَعَنْ أَبِي مُوسَى أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُ: «يَا أَبَا مُوسَى لَقَدْ أُعْطِيْتَ مِزْمَارًا مِنْ مَزَامِيرِ آل دَاوُد» . مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (5048) و مسلم (235 / 793)، (1852) ـ مُتَّفَقٌ عَلَيْهِ)

#### বাংলা

৬২০৩-[৮] আবূ মূসা (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) তাঁকে লক্ষ্য করে বলেছেন, হে আবূ মূসা! দাউদ এর কণ্ঠস্বর তোমাকে দান করা হয়েছে। (বুখারী ও মুসলিম)

## ফুটনোট

সহীহ: বুখারী ৫০৪৮, মুসলিম ২৩৫-(৭৯৩), তিরমিয়ী ৩৮৫৫, নাসায়ী ১০১৯, সহীহুল জামি ২১০, সিলসিলাতুস সহীহাহ্ ২৯১৪, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার ৬১৬৪, মুসান্নাফ 'আবদুর র্যু কৃ ৪১৭৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ২৯৯৩৮, সহীহ ইবনু হিব্বান ৭১৯৭, শু'আবূল ঈমান ২১৪৯, দারিমী ৩৪৯৯, হিলইয়াতুল আওলিয়া ১/২৫৮, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৫৮৮, আল মু'জামুল আওসাত্ব ২৬৭৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৪৮৯৫।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসের ব্যাখ্যায় কাযী ইয়ায (রহিমাহুল্লাহ) বলেন, আবূ মুসা (রাঃ)-কে এমন সুন্দর কণ্ঠস্বর দেয়া হয়েছে যা কিছুটা দাউদ (আঃ)-এর কণ্ঠস্বরের সাথে সাদৃশ্য রাখে। এখানে দাউদ পরিবার দ্বারা স্বয়ং দাউদ (আঃ)-



কে উদ্দেশ্য। যেহেতু এমন কোন প্রসিদ্ধতা নেই যে, দাউদ (আঃ)-এর পরিবারের কণ্ঠস্বর সুন্দর ছিল।
মিরকাতুল মাফাতীহ প্রণেতা আবৃ মূসা (রাঃ) সম্পর্কে বলেন, তিনি হলেন আবদুল্লাহ ইবনু কায়স আল আশআরী।
তিনি মক্কায় ইসলাম গ্রহণ করে হাবাশায় হিজরত করেছিলেন। তারপর জাহাজের লোকেদের সাথে তিনি মদীনায়
চলেন আসেন। তখন রাসূলুল্লাহ (সা.) খায়বারে ছিলেন।

'উমার ইবনুল খল্পাব (রাঃ) তাঁর শাসনকালে ২০ হিজরীতে তাকে বাসরার গভর্নর নিযুক্ত করেন। অতঃপর আবৃ মূসা (রাঃ) আহওয়ায অঞ্চল বিজয় করেন। তারপর 'উসমান (রাঃ)-এর খিলাফতকালের প্রাথমিক যুগ পর্যন্ত তিনি বাসরার গভর্নর হিসেবেই থেকে যান। অতঃপর তাকে সেখান থেকে কুফায় এনে গভর্নর বানানো হয়। 'উসমান (রাঃ)-এর মৃত্যু পর্যন্ত তিনি এই দায়িত্ব পালন করেন। তারপর তিনি এই দায়িত্ব পালন করে তারপর তিনি মক্কায় চলে আসেন এবং ৫২ হিজরীতে মৃত্যুবরণ করা পর্যন্ত তিনি সেখানেই থেকে যান। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন